দৈনিক বাংলা

035

# নয়া প্রাথমিক শিক্ষা অধ্যাদেশ

[প্রেসিডেন্ট শুক্রবার যে নতুন ও পূর্ণাঙ্গ প্রাথমিক শিক্ষা অধ্যাদেশ ১৯৮১ জারি করেন, তার প্রথমাংশ গতকালকের দৈনিক বাংলায় প্রকাশিত হয়েছে এবং আজ অবশিষ্টাংশ প্রকাশিত হলো।]

১১। **কর্তৃপক্ষসমূহের বাতিলকরণ।** (১) যদি কোন সময়ে সরকারের নিকট প্রতিভাত হয় যে কোন কর্তৃপক্ষ এই অধ্যাদেশ দ্বারা অর্পিত বা এর আওতায় প্রদত্ত ক্ষমতা প্রয়োগে অথবা কার্যাবলী সম্পাদনে ব্যর্থ হয়েছে তাহলে সরকার সরকারী গেজেটে বিজ্ঞপ্তির মাধ্যমে সেই কর্তৃপক্ষকে ৪ বৎসরের ঊর্ধ্বে নয় এমন সময়ের জন্য যা বিজ্ঞপ্তিতে নির্দিষ্ট করে দিতে হবে, বাতিল করতে পারবেন।

(২) ১ উপধারার আওতায় কোন বিজ্ঞপ্তি প্রকাশিত হলে—

(ক) যে সকল ব্যক্তি কর্তৃপক্ষের চেয়ারম্যান, সেক্রেটারী ও সদস্যের পদাধিকারী ছিলেন তারা পদাধিকারী থাকবেন না, এবং

(খ) বাতিল অবস্থায় কর্তৃপক্ষের যাবতীয় ক্ষমতা ও কাজ প্রজাতন্ত্রের চাকরিতে নিয়োজিত সেই ব্যক্তি প্রয়োগ করবেন, যাকে এতদুদ্দেশ্যে সরকার এরূপভাবে নিয়োগ করবেন এবং সেই ব্যক্তিই কর্তৃপক্ষ হবেন।

(৩) উপধারা-১-এর আওতায় বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দিষ্ট সময়সীমা পার হওয়ার পর ক্ষমতা প্রয়োগ এবং কর্ম-সম্পাদনের জন্য এই অধ্যাদেশের বিধানানুযায়ী কর্তৃপক্ষ পুনর্গঠন করা হবে।

১২। **প্রাথমিক বিদ্যালয় শিক্ষক ও কর্মচারীরা সরকারী কর্মচারী হবেন।** সন্দেহ নিরসনের উদ্দেশ্যে এতদ্দ্বারা ঘোষণা করা হচ্ছে যে কোন প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত সকল শিক্ষক ও কর্মচারী সরকারী কর্মচারী হবেন।

১৩। **প্রাথমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটিসমূহ**

(১) প্রত্যেক প্রাথমিক বিদ্যালয়ের জন্য একটি ম্যানেজিং কমিটি থাকবে।

(২) ম্যানেজিং কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হবে:

(ক) সংশ্লিষ্ট বিদ্যালয় যে এলাকায় অবস্থিত সেই এলাকার স্বনির্ভর গ্রাম সরকারের গ্রাম প্রধান, পদাধিকার বলে।

(খ) সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক, পদাধিকার বলে, যিনি কমিটির সম্পাদক হবেন।

(গ) থানা শিক্ষা অফিসার মনোনীত দুইজন বিদ্যোৎসাহী ব্যক্তি।

(ঘ) থানা শিক্ষা অফিসার মনোনীত একজন দাতা।

(ঙ) থানা শিক্ষা অফিসার মনোনীত একজন শুভানুধ্যায়ী।

(চ) থানা শিক্ষা অফিসার মনোনীত সংশ্লিষ্ট গ্রাম সরকারের একজন মহিলা সদস্য

(ছ) ঐ বিদ্যালয়ের শিক্ষকদের মধ্য হতে নির্বাচিত তাদের একজন প্রতিনিধি।

(জ) সংশ্লিষ্ট বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পিতামাতা ও অভিভাবকদের মধ্য হতে নির্বাচিত চারজন প্রতিনিধি:

তবে শর্ত থাকে যে ঢাকা, চট্টগ্রাম, খুলনা অথবা রাজশাহী পৌর এলাকায় অবস্থিত কোন প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির ক্ষেত্রে

(১) 'ক' এবং 'চ' দফার অধীন কোন সদস্য থাকবে না।

(২) বিদ্যালয়টি যেখানে অবস্থিত সেই ওয়ার্ডের কর্পোরেশন বা পৌরসভার কমিশনার পদাধিকার বলে কমিটির সদস্য হবেন।

(৩) থানা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত কর্পোরেশন বা পৌরসভার একজন মহিলা কমিশনারও কমিটির একজন সদস্যা হইবেন।

(৩) (২) উপধারার (ছ) ও (জ) দফায় উল্লিখিত সদস্যগণ থানা শিক্ষা অফিসার কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে নির্বাচিত হবেন।

(৪) থানা শিক্ষা অফিসার কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে ম্যানেজিং কমিটি তার সদস্যগণের মধ্য হতে একজন চেয়ারম্যান নির্বাচন করবেন।

(৫) পদাধিকার বলে নিযুক্ত কোন সদস্য ব্যতীত ম্যানেজিং কমিটির যে কোন সদস্য চার বৎসরের মেয়াদে তার পদে অধিষ্ঠিত হবেন।

১৪। ম্যানেজিং কমিটি সমূহের **কার্যাবলী**, কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নির্দেশ মোতাবেক ম্যানেজিং কমিটি—

(ক) বিদ্যালয়ের কাজ পরিচালনা করবেন।

(খ) বিদ্যালয়ের কার্যাবলী তত্ত্বাবধান করবেন।

(গ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ থাকলে বিদ্যালয়ের উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়ন করবেন।

(ঘ) ছাত্র ও শিক্ষকগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করবেন।

১৫। **বিধি প্রণয়নের ক্ষমতা।** সরকার সরকারী গেজেটে বিজ্ঞপ্তি দিয়া এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করতে পারবেন।

১৬। **ঢাকা পৌরসভায় অবস্থিত প্রাথমিক বিদ্যালয়সমূহ সরকারের নিকট হস্তান্তরকরণ**

(১) বর্তমান প্রচলিত অন্য কোন আইনের পরিপন্থী না হলে এই অধ্যাদেশ চালু হওয়ার ফলে—

(ক) ঢাকা পৌরসভায় অবস্থিত সকল প্রাথমিক বিদ্যালয় এবং জমি, গৃহ ও তহবিলসহ তাদের সকল পরিসম্পদ ও সম্পত্তি এবং এই রূপ সম্পত্তিতে বিদ্যমান বা সৃষ্ট অধিকার এবং

(১০-এর পৃঃ দ্রঃ)

# শিক্ষা অধ্যাদেশ

(১১-এর পৃঃ পর)

সুবিধাদি এবং তদসম্পৃক্ত সকল ধরনের যাবতীয় দলিলপত্র সরকারের নিকট হস্তান্তরিত এবং সরকারের অধিকারে ন্যস্ত হল বলে গণ্য হবে।

(খ) এই অধ্যাদেশ বলবৎ হওয়ার অব্যবহিত পূর্বে উক্ত প্রাথমিক বিদ্যালয়সমূহে কর্মরত সকল ব্যক্তি সরকারের নিকট হস্তান্তরিত হলেন বলে গণ্য হবেন এবং প্রাথমিক বিদ্যালয় (ঢাকা পৌর কর্পোরেশনের নিকট হস্তান্তরকরণ) আইন ১৯৮০ (১৯৮০ সালের ৪৩ নং আইন) বলবৎ হওয়ার অব্যবহিত পূর্বে তাদের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলীর অনুরূপ শর্তে সরকারের অধীনে চাকরিতে বহাল থাকবেন।

(২) (১) উপধারার আওতায় প্রাথমিক বিদ্যালয়সমূহের হস্তান্তরকরণ হতে অথবা এই সূত্রে অথবা এই সম্পর্কে উদ্ভূত যে কোন অসুবিধা দূরীকরণের জন্য সরকার যেরূপ প্রয়োজন বিবেচনা করবেন সেই রকম নির্দেশ দিতে পারবেন।

১৭। **বাতিলকরণ।** এতদ্দ্বারা প্রাথমিক শিক্ষা (ঢাকা পৌর কর্পোরেশনের নিকট হস্তান্তরকরণ) আইন ১৯৮০ (১৯৮০ সালের ৪৩ নং আইন) এবং প্রাথমিক শিক্ষা অধ্যাদেশ ১৯৮১ (১৯৮১ সালের ১ নং অধ্যাদেশ) বাতিল করা হল।